

তারিখ
 পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ২ ...

ছাত্রলীগ প্রার্থীদের আটকে রাখা হয় ফরিদপুর পলিটেকনিক ছাত্র সংসদ নির্বাচনে ছাত্রদলের প্যানেল জয়ী

ফরিদপুর প্রতিনিধি : ফরিদপুর পলিটেকনিক ইনস্টিটিউট ছাত্রছাত্রী সংসদ নির্বাচনে ছাত্রদলের জুয়েল-শামীম-কায়সার পরিষদ পূর্ণ প্যানেলে জয়লাভ করেছে। এদিকে এ নির্বাচনে জয়ের জন্য ছাত্রদলের পক্ষে সম্মানীরা ছাত্রলীগের ভিপি প্রার্থীকে অপহরণ করে আটকে রেখে; জিএস, এজিএস প্রার্থীকে কলেজে ঢুকতে না দিয়ে, প্রার্থীসহ অনেক ভোটার-সমর্থকদের পরিচয়পত্র ছিনিয়ে নিয়ে, ছাত্রলীগের এজেন্টদেরকে বের করে দিয়ে সম্মানী তৎপরতা চালায় বলে অভিযোগ পাওয়া গেছে।

৫ জন প্রার্থী এবং হোস্টেলের আ ভোটার-সমর্থকদের পরিচয়পত্র নেওয়া হলেও অবশ্য শেষ পর্যন্ত অর্থাৎ আবেদন করে ভোট দিতে পেরেছে মঙ্গলবার ভোট গ্রহণকালে তা এজেন্টদের বের করে দেওয়া হয়। অভিযোগ করেছে ছাত্রলীগ। প্যাে পরিচিতি কেড়ে নেওয়া হয়।

এদিকে হুমকির মুখে হোস্টেল হলের অধিকাংশ ছাত্রছাত্রী ক্যাম্পাস ত

গত মঙ্গলবার সকাল ৯টা থেকে ১২টা পর্যন্ত ভোট গ্রহণ এবং পরে ফলাফল ঘোষণা হয়। জানা গেছে, ছাত্রদলের পক্ষে এলাকার একটি চিহ্নিত সম্মানী দল এক সন্ধ্যা আগে থেকে ছাত্রলীগের জিএস প্রার্থী প্রশান্ত কুমার বিশ্বাস প্রণয়কে কয়েক দফা ডুলে নিয়ে মারধর করে ভোট কেন্দ্র ও কলেজ ক্যাম্পাসে না যেতে নানা হুমকি দেওয়ায় তিনি গতকাল ভোট দিতে যেতে পারেননি। সোমবার সন্ধ্যা ৬টায় ভিপি প্রার্থী সুলফুর রহমান শাহীন ও সাবেক ভিপি আরিফ হোসেনকে অস্ত্রের মুখে অপহরণ করে কমলাপুরে একটি মেসে আটকে রাখা হয়। তিনি গত মঙ্গলবার ভোট গ্রহণ ও ফলাফল ঘোষণা শেষে দুপুর ১টায় ছাড়া পান। এজিএস প্রার্থী মিজানুর রহমান মিজানকে ভোট দিতে এলে কেন্দ্রে ঢুকতে দেওয়া হয়নি। মিলনায়তন সম্পাদক প্রার্থী গিয়াসউদ্দিন বিশ্বাস ও মহিলা সম্পাদিকা প্রার্থী শিপ্রা রানী করসহ